

দৈনিক জনকণ্ঠ

48

তারিখ: 22 1999
গৃহীত: কল্যাণ

সাংবাদিক সম্মেলনে শিক্ষক সমিতির নেতৃত্ব

প্রাথমিক শিক্ষা ব্যবস্থা হুমকির সম্মুখীন অবিলম্বে ৬ দফা দাবি পূরণের আহ্বান

স্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি অবিলম্বে তাদের ৬ দফা দাবি পূরণের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে। বুধবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সমিতির নেতৃত্ব বলেন, বেতন বৈষম্যের ফলে দেশের প্রাথমিক শিক্ষা ব্যবস্থা আজ হুমকির সম্মুখীন। আমরা প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে আমাদের এই বৈষম্যের বর্ণনা ইতোমধ্যে দিয়েছি। কিন্তু অদ্যাবধি প্রায় এক লাখ শিক্ষক-শিক্ষিকার বেচে থাকার দাবি নিয়ে সরকার কিছুই বলছে না। সরকার নীরবতা পালন করে আমাদের আন্দোলনের দিকে ঠেলে দিচ্ছে।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির মহাসচিব মোঃ মুনছুর আলী। এ সময় উপস্থিত ছিলেন সমিতির কেন্দ্রীয় নেতা গোলাম মোহাম্মদ, আবুল হোসেন, ফোরকান আলী, আনোয়ার হোসেন চৌধুরী, হাবিবুর রহমান হাবিব, আবদুস সাত্তার প্রমুখ।

সমিতির দাবিসমূহ হচ্ছে, সকল বেসরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চাকরি সরকারীকরণ, জাতীয় বেতন

কেলের শতকরা ১০০ ভাগ প্রদান, সরকারী প্রাথমিক শিক্ষকদের অনুরূপ বেসরকারী শিক্ষকদেরকে ভাতা প্রদান, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অনুরূপ প্রধান শিক্ষক ও প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের বেতন কেল প্রদান, কল্যাণ ট্রাস্ট অবিলম্বে কার্যকরকরণ এবং শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা বিষয়ক কমিটিতে সমিতির প্রতিনিধি নিয়োগ।

উল্লিখিত দাবি আদায়ের লক্ষ্যে বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি নিম্নলিখিত কর্মসূচী ঘোষণা করেছে। ২৬ জুলাই থেকে ২৮ জুলাই '৯৯ পর্যন্ত কালো ব্যাজ ধারণ। ১ আগস্ট থেকে ৩ আগস্ট '৯৯ পর্যন্ত কলম বিরতি, ১০ আগস্ট বিক্ষোভ এবং থানা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনে ১ ঘণ্টা অবস্থান, ১৭ আগস্ট জেলায় বিক্ষোভ ও জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে ১ ঘণ্টা অবস্থান, ২৫ আগস্ট সারা দেশে স্কুলসমূহ ১ দিনের জন্য বন্ধ ঘোষণা, ৫ সেপ্টেম্বর কেন্দ্রীয় কমিটির নেতৃত্বের ২ ঘণ্টা প্রতীক অনশন, ২৬ সেপ্টেম্বর ও ২৭ সেপ্টেম্বর ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনারে গণঅবস্থান ও অনশন এবং ৩ অক্টোবর '৯৯ থেকে সারা দেশে সকল স্কুল অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকবে।